দৈনিক আমাদের সময়

তারিখ 28 FEB 2018
পৃষ্ঠা ১২ কলাম ১

# টেস্টে অকৃতকার্যরা বোর্ড পরীক্ষা দিতে পারবে না

নিজস্ব প্রতিবেদক ●

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে নির্বাচনী (টেস্ট) পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীরা চূড়ান্ত বোর্ড (পাবলিক) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। গতকাল মঙ্গলবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তর থেকে এ সংক্রান্ত নিয়ে একটি আদেশ জারি করা হয়েছে।

আদেশে বলা হয়েছে, যেসব ছাত্রছাত্রী টেস্ট তথা নির্বাচনী পরীক্ষায় কোনো বিষয়ে অকৃতকার্য থাকে.

এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## টেস্টে অকৃতকার্যরা

(শেষ পৃষ্ঠার পর) তবে তাকে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হবে না। শুধু নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে বলে আদেশে বলা হয়েছে। মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক) সবুজ আলম স্বাক্ষরিত এ আদেশে আরও বলা হয়, পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত নির্বাচনী পরীক্ষার খাতা সংরক্ষণ করে রাখার জন্য প্রধান শিক্ষক/অধ্যক্ষদের নির্দেশনা দেওয়া হচ্ছে। আর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে এ বিষয়টি তত্ত্বাবধান করা হবে।

জানা গেছে, টেস্টে অনুত্তীর্ণ শিক্ষার্থীকে জরিমানা নেওয়ার মাধ্যমে বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়। এ জন্য এই অনিয়ম রোধের জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর থেকে এ আদেশ জারি করা হলো।